সংবাদ

তারিখ ... ২৫.৩.৮৬...
পৃষ্ঠা... ... ... কলাম... ... ...



# এপ্রিলে ঢাকা-মস্কো শিক্ষা ও সাংস্কৃতিক প্রটোকল সই

এনা জানায়, ঢাকা ও মস্কো আগামী মাসের মাঝামাঝি কোন এক সময়ে শিক্ষা ও সাংস্কৃতিক প্রটোকল সই করতে যাচ্ছে। তবে বাংলাদেশ ঢাকায় মস্কোর সাংস্কৃতিক কেন্দ্র পুনরায় খোলার জন্য অনুমতি দিতে আরো কয়েক মাস সময় নেবে।

এদিকে দুটি দেশ ইতিমধ্যে

(৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## প্রটোকল সই

(১ম পাতার পর)

একটি ক্ষুদে বার্টার ট্রেড প্রটোকল সই করেছে। এই প্রটোকলের অধীনে মস্কো বাংলাদেশকে তুলা সরবরাহ করবে। আর বাংলাদেশ সোভিয়েত ইউনিয়নকে পাট সরবরাহ করবে।

ঢাকার কূটনৈতিক মহল সূত্রে বলা হয়, উপপ্রধান সামরিক আইন প্রশাসক রিয়ার এডমিরাল এম, এ খান প্রয়াত সোভিয়েত প্রেসিডেন্ট আন্দ্রোপভের অন্ত্যেষ্টিক্রিয়ায় যোগদানের সময় দু'দেশের মধ্যে মতপার্থক্য দূর করা ও সম্পর্ক স্বাভাবিক করার জন্য যে উদ্যোগ নেন এসব তারই ফলশ্রুতি। গত ডিসেম্বর মাসে বাংলাদেশ থেকে ১৪ জন সোভিয়েত কূটনীতিক বহিষ্কৃত হওয়ার পর দুটি দেশের দ্বিপক্ষীয় সম্পর্ক ব্যাহত হয়।

নির্ভরযোগ্য সূত্রে বলা হয়, দ্বাদশ বার্টার ট্রেড প্রটোকল নবায়নের জন্য ঢাকার অনুরোধে মস্কোর কাছ থেকে উৎসাহব্যঞ্জক সাড়া পাওয়া গেছে।

সোভিয়েত ইউনিয়ন বাংলাদেশের কাছ থেকে পাট, চা, তামাক আমদানী করে থাকে। অন্যদিকে বাংলাদেশ এই দেশটির কাছ থেকে আমদানী করে তুলা, যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ, হাইস্পীড ডিজেল, তেল ইত্যাদি। সোভিয়েত ইউনিয়ন ইতিমধ্যে বাংলাদেশের জন্য ৪০ লাখ পাউণ্ড মূল্যের হাইস্পীড ডিজেল পাঠিয়েছে। এই ডিজেল গভীর সমুদ্রে রয়েছে।

দ্বিপক্ষীয় সম্পর্কের উন্নতির জন্য মস্কো ঢাকায় তার দূতাবাসের প্রতিরক্ষা এ্যাটাসে হিসেবে একটি নতুন নাম পাঠিয়েছে। বাংলাদেশ এখনও পর্যন্ত এব্যাপারে জবাব পাঠায়নি। মস্কো এদেশ থেকে বহিষ্কৃত তার কূটনীতিকদের স্থলে অন্যদের পাঠানো যায় কিনা সে উদ্দেশ্যে তার প্রতিরক্ষা এ্যাটাসের নতুন নাম পেশ করেছে। জানা গেছে, ঢাকা ও চট্টগ্রামে সোভিয়েত মিশনে কূটনীতিকদের সংখ্যার ওপর সিলিং ধার্য করার বিষয়টি নিয়ে বাংলাদেশ চিন্তা-ভাবনা করছে।